



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/ ১৬২৫

তারিখ: ১৩/১/১৮

বিষয়: নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে একাডেমিক অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: বিদ্যালয় মঞ্জুরী কমিটির ৩০-১০-২০১৭ তারিখের ৫২ তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ৩০-১০-২০১৭ খ্রি.তারিখের ৫২তম বিদ্যালয় মঞ্জুরী কমিটির ০৫ নম্বর ক্রমিকে করা চাইন্ড হেডেন জুনিয়র গার্লস স্কুলের নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতনভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধের শর্তে ০১-০১-২০১৮ খ্রি.তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় হিসাবে অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হল।

### শর্তাবলী:

- ১। অস্থায়ী স্বীকৃতির ক্ষেত্রে পত্র প্রাপ্তির ৯০ (নব্বই) দিনের মধ্যে বিধি মোতাবেক নিয়মিত কমিটি গঠন পূর্বক অনুমোদনের জন্য অবশ্যই বোর্ডে দাখিল করতে হবে তবে যে সকল বিদ্যালয়ে ম্যানেজিং কমিটি চলমান আছে সেক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবে না।
- ২। স্নাতক পাস শিক্ষক/শিক্ষিকাদের পর্যায়ক্রমে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ থেকে বিএড প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- ৩। জেএসসি পরীক্ষায় সকল ছাত্র/ছাত্রীর অংশ গ্রহণ নিশ্চিত করতে হবে।
- ৪। পাঠ্যক্রম অনুযায়ী পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৫। বোর্ডের পূর্বানুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না।
- ৬। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের আয়োজন করতে হবে।
- ৭। বিদ্যালয়ের চারিদিকে ফলবান ও গুণবৃদ্ধি বৃক্ষ রোপণ করতে হবে।
- ৮। লাইব্রেরিতে বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে। বাংলা একাডেমি প্রকাশিত বাংলা-বাংলা, ইংরেজি-বাংলা, বাংলা-ইংরেজি অভিধান ০৩ কপি করে অভিধান ৩১-১২-২০১৮ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।
- ৯। বিদ্যালয়ে ছাত্র/ছাত্রীর সংখ্যা বৃদ্ধি করে লেখাপড়ার মান উন্নয়নে আরো সচেষ্ট হতে হবে।
- ১০। বিদ্যালয়ে ইন্টারনেট সংযোগসহ ব্যবহারযোগ্য কম্পিউটার থাকতে হবে।
- ১১। দেয়াল পত্রিকা ও স্কুল ম্যাগাজিন প্রকাশ করতে হবে।
- ১২। ছাত্রদের জন্য স্কাউট ও ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।

১৩/১/১৮  
(গাজী মনিবুর রহমান)  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।

ফোন : ০৪২১-৬৮৬৩৪

### প্রধান শিক্ষক

কয়া চাইন্ড হেডেন নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়

ডাক: কয়া, উপজেলা: কুমারখালী, জেলা: কুষ্টিয়া।

তারিখ: ১৩/১/১৮

স্মারক নং-বিঅ-৬/ ১৬২৫ (১-১৪)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত-ইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।  
{দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা}
- ২। পরিচালক, ব্যনবেইস, নীলক্ষেত, পলাশী, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, কুষ্টিয়া।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউট, খুলনা।
- ৬। অধ্যক্ষ, সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, যশোর, খুলনা।
- ৭। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৮। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।
- ১০। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। জেলা শিক্ষা অফিসার, কুষ্টিয়া।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
- ১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
- ১৪। সভাপতি ম্যানেজিং কমিটি, কয়া চাইন্ড হেডেন নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়  
ডাক: কয়া, উপজেলা: কুমারখালী, কুষ্টিয়া।
- ১৪। সংরক্ষণ নথি।

১৩/১/১৮  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর।